দৈনিক
ইনকিলাব

তারিখ ... OCT. 1 4 .2006 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

৭ দিনের আল্টিমেটাম

# মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগ আদেশ বাতিল করুন

—খতীব উবায়দুল হক

স্টাফ রিপোর্টার

বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতীব মাওলানা উবায়দুল হক বলেছেন, আগামী ৭ দিনের মধ্যে মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশ বাতিল করতে হবে। অন্যথায় আমরা তীব্র আন্দোলন গড়ে তুলবো। ২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক

১২-এর পৃষ্ঠার পর

খতীব মাওলানা উবায়দুল হক বলেন, আমর সাফ সাফ বলছি মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগ বন্ধ করুন না হয় আল্লাহ পক্ষ থেকে আজাব আসবে। মাদ্রাসা ধ্বংসের ষড়যন্ত্র জনগণ বরদাশত করবে না। গতকাল (শুক্রবার) জুমার খুৎবা-পূর্ব ভাষণে মাওলানা উবায়দুল হক এ কথা বলেন। মাওলানা উবায়দুল হক বলেন, শিক্ষামন্ত্রী মাদ্রাসা শিক্ষা ধ্বংস করার জন্য জনগণের দাবীকে উপেক্ষা করে মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশ জারি করেছে। কার নির্দেশে মাদ্রাসায় মহিলা শিক্ষক নিয়োগের উদ্যোগ নেয়া হয়েছে জানতে চাইলে মন্ত্রণালয় থেকে বলা হয় উপরের নির্দেশে কিন্তু উপরের নির্দেশ তো একমাত্র আল্লাহপাকের নির্দেশ। তিনি বলেন, ছেলেদের মাদ্রাসায় মহিলা শিক্ষক নিয়োগের কোন যুক্তি নেই। মহিলা শিক্ষক নিয়োগ দিতে হলে মহিলা মাদ্রাসায় নিয়োগ দিতে হবে। মাওলানা উবায়দুল হক বলেন, বিগত এক বছর যাবত মাদ্রাসায় মহিলা শিক্ষক নিয়োগ বন্ধের দাবীতে আন্দোলন হচ্ছে কিন্তু সরকার এ ব্যাপারে কোন কর্ণপাত করছে না। এর পরিণাম শুভ হবে না। তিনি এবার ৩৭ টাকা হারে যাকাতের অর্থ পরিশোধের অনুরোধ জানান। খতীব রমজানের শেষ ১০ দিনে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে মহিলাদের এতেকাফ না করে ঘরে এতেকাফ করার পরামর্শ দেন।